# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

**রেজিস্ট্রেশন শাখা**

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

**Website: www.bteb.gov.bd**

স্মারক নং-বাকাশিবো/প্রঃ/রেজিঃ/১৩/২২ তারিখঃ ১৪-০৮-২০১৪ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের আনুমোদনক্রমে অত্র বোর্ডের অধীন (১) **৬ মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা, মেয়াদি শিক্ষাক্রমের জুলাই - ডিসেম্বর, ২০১৪) এবং (২) স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রমের ''সvার্টফিকেট-ইন-মেডিক্যাল আলট্রাসাউন্ড'' (CMU) জুলাই - ডিসেম্বর, ২০১৪) সেশন** এ ভর্তিকৃত শিক্ষার্থদের নিবন্ধনের জন্য **Online** -এ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের **ওয়েব সাইটের (www.bteb.gov.bd) মাধ্যমে ২৫/০৮/২০১৪ হতে ০৭/০৯/২০১৪ তারিখের মধ্যে ডাটাএন্ট্রি সম্পন্ন করে প্রিন্ট আউট কপি** রেজিস্ট্রেশন ফিসহ বোর্ডে দাখিল করতে হবে।

[

[

রেজিস্ট্রেশন ফি ৫০/= (পঞ্চাশ) টাকা, পরীক্ষার ফি ১০০/- (একশত) টাকা ও সনদপত্র ফি বাবদ ১০০/- (একশত) টাকা সহ মোট ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা প্রতি শিক্ষার্থীর নিকট হতে আদায় করে একটি ব্যাংক ড্রাফটের মাধ্যমে "**Hard copy**" অনলাইন থেকে সংগ্রহ করে নিম্নে বর্ণিত সময়সূচি মোতাবেক বোর্ডে দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফট্ সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড -এর অনুকূলে **সোনালী ব্যাংক লিঃ, আগারগাঁও শাখা, ঢাকা, অথবা সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, বেগম রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে** অথবা অন্য যে কোন তফসীল ব্যাংকের ড্রাফ্ট হলেও চলবে। উল্লেখ্য প্রতি ট্রেড -এর জন্য আসন সংখ্যা ৩০ জন।।

জেলা/ উপজেলা ভিত্তিক প্রিন্ট কপি ও ব্যাংক ড্রাফ্ট জমা দেয়ার সময়সূচি

| ক্রমিক নং | জেলা | প্রিন্ট আউট হার্ডকপি ও ডিডি বোর্ডে জমা দেয়ার তারিখ | প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফ্ট করার সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ১. | পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট। | ১৮-০৯-২০১৪ | ০৮-০৯-১৪ তারিখ হতে শুরু হয়ে নির্ধারিত জেলার প্রিন্ট আউট কপি জমা দেওয়ার তারিখ পর্যন্ত ডিডি করা যাবে। |
| ২. | রংপুর, কুড়িগ্রাম, জয়পুরহাট, গাইবান্ধা, বগুড়া, নওগাঁ। | ২১-০৯-২০১৪ | |
| ৩. | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ, পাবনা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ। | ২২-০৯-২০১৪ | |
| ৪. | কুষ্টিয়া, মেহেরপুর, মাগুরা, নড়াইল, যশোর | ২৩-০৯-২০১৪ | |
| ৫. | সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি। | ২৪-০৯-২০১৪ | |
| ৬. | নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, কক্সবাজার। | ২৫-০৯-২০১৪ | |
| ৭. | ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর | ২৮-০৯-২০১৪ | |
| ৮. | শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ। | ২৯-০৯-২০১৪ | |
| ৯. | বরিশাল, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ। | ৩০-০৯-২০১৪ | |
| ১০. | ঢাকা, নারায়নগঞ্জ, নরসিংদী, গাজীপুর, টাংগাইল, জামালপুর। | ০১-১০-২০১৪ | |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- আসন বৃদ্ধির চিঠি **On Line "Hard copy"** -এর সাথে অবশ্যই জমা দিতে হবে।
- বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে "**Hard copy**" ড্রাফ্ট সহ বোর্ডে প্রেরণের সময় ফরোয়াডিং চিঠির নমুনা নিম্নরূপ।

| ক্রমিক নং | শিক্ষাক্রমের নাম | কারিকুলাম কোড | ট্রেড কোড | আসন সংখ্যা | শিক্ষার্থী সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

- **''Hard copy'' বোর্ডে জমা দেয়ার সময় ২০১৪-২০১৫ অর্থবছর পর্যন্ত অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্র দাখিল এবং সর্বপ্রথম বোর্ড কর্তৃক অনুমোদন প্রাপ্তির চিঠির ফটোকপি (এ্যাফিলিয়েশন) সংযুক্ত করতে হবে।**
- বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে "**Hard copy**" সঠিক সময়ে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে জরিমানা প্রদান করতে হবে এবং জরিমানার অর্থ প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে, এর জন্য শিক্ষার্থীদের উপর অতিরিক্ত কোন ফি ধার্য করা যাবে না।
- রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও (**www.bteb.gov.bd**) দেখা যাবে।

**(মোঃ নূর-এ-ইলাহী)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ও
উপ-সচিব (রেজিঃ) দায়িতবপ্রাপ্ত
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭

অব্যাহত পৃষ্ঠা-২



স্মারক নং-বাকাশিবো/প্রঃ(রেজিঃ)/(সট কোর্স)/২০১৩/০৭/১২/(১৩) তারিখঃ ১৪-০৮-২০১৪ খ্রিঃ

**<u>সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো</u>**

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, ঢাকা- ১২০৭।

০২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৩। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

(অত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচার করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো)।

০৭। জনাব মোঃ জাকির হোসেন, প্রোগ্রামার (সট কোর্স), পরীক্ষা পরিচালনার দায়িত্বে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৮। কারিকুলাম বিশেষজ্ঞ (সট কোর্স) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০। অধ্যক্ষ/ পরিচালক/ প্রতিষ্ঠান প্রধান....................................................

১১। সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ফি গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো)।

১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। সংশিষ্ট নথি।

**(মোঃ নূর-এ-ইলাহী)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ও
উপ-সচিব (রেজিঃ) দায়িতবপ্রাপ্ত
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭